


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড,  
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

স্মারক নং- ৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০.১৪.(অংশ-৩)/ ২৭৯৭

তারিখঃ- ২৭/০৮/১৪

বিজ্ঞপ্তি

জনশক্তি প্রেরণকারী সকল লাইসেন্সধারী রিক্রুটিং এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-এসআর ও ২০৭/আইন তারিখ ২৭/০৮/২০০৭ইং (রিক্রুটিং এজেন্ট আচরন ও লাইসেন্স বিধিমালা, ২০০২) এর বিধি ৫ এর উপ বিধি-৩ এর সংশোধনী এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসি আইন ২০১৩ অনুযায়ী যে সকল রিক্রুটিং এজেন্সির লাইসেন্সের মেয়াদ আগামী ৩১/১২/২০১৪ খ্রিঃ তারিখে শেষ হবে ঐ সকল রিক্রুটিং এজেন্সির লাইসেন্স ০১-০১-২০১৫ হতে ৩১-১২-২০১৭ খ্রিঃ মেয়াদে ০৩(তিন) বৎসরের জন্য নবায়নের নিমিত্ত নির্ধারিত ফরমে (ফরম-৩) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক এর বরাবরে আগামী ৩১ ডিসেম্বর, ২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র অবশ্যই দাখিল করতে হবে। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর দাখিলকৃত আবেদনের ক্ষেত্রে নির্ধারিত নবায়ন ফি এর উপর ১০০% বিলম্ব ফি ও ভ্যাট প্রযোজ্য হবে। এ সম্পর্কে বিস্তারিত তথ্য এবং নির্ধারিত ফরমসমূহ ব্যুরোর কর্মসংস্থান শাখা ('প্রবাসী কল্যাণ ভবন' ১১তম তলা) হতে যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করা যাবে। উক্ত আবেদন ফরম ব্যুরোর ওয়েব সাইটেও পাওয়া যাবে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৩/১২/২০১৩ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৯.০০৪.০১১.০০.০০.০১১.২০১৩-৪৬ অনুযায়ী মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বরাবরে নবায়ন ফি বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ও প্রযোজ্য ১৫% ভ্যাট বাবদ ৯০০০/- (নয় হাজার) টাকা মূল্যের পৃথক পৃথক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং রিক্রুটিং এজেন্সীর বিগত ০৫(পাঁচ) বছরের কর্মকান্ডের প্রতিবেদন (১ জানুয়ারি, ২০১০ খ্রিঃ হতে) এর ২ (দুই) কপি আবেদনের সংগে দাখিল করতে হবে।

  
২৯.১১.১৪

(মোঃ গোলাম মোস্তফা খান)

যুগ্ম-সচিব

পরিচালক (কর্মসংস্থান)

ফোনঃ ৯৩৩৯৭০৫